গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা।

নৌপম/জা-২/৪(১)/২০০২- ৪৬৭ তারিখ ঃ ১৫-১২-২০০৩

## সভার কার্যবিবরণী

বিষয় ঃ পাসপোর্টধারী উপযুক্ত লোকজনকে তাদের অভিজ্ঞতার আলোকে জাহাজে চাকুরী নিয়ে যাওয়ার অনুমতি প্রদানের বিষয়টির উপর আলোচনার জন্য অনুষ্ঠিত সভার কার্য বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদুল হক,<br>যুগ্ম-সচিব (প্রঃ), নৌ- পরিবহন মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ ও সময় | ঃ | ১৭-১১-২০০৩ তারিখ, রোজ সোমবার বেলা ১০.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | নৌ - পরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ । |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগতঃ জানিয়ে সভা শুরু করে । সভাপতির আহবানে মহা-পরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর বিষয়টির উপর কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য রেখে বলেন যে, এ যাবৎ অনুষ্ঠিত কয়েকটি সভায় বিষয়টি নিয়ে বিভিন্ন আলোচনা হয়েছে। এ বিষয়ে অধিদপ্তরের প্রাক্তন মহা-পরিচালক-কে আহবায়ক করে ইতোপূর্বে একটি কমিটি গঠন করা হয়েছিল, কমিটির সুপারিশের উপর গত ২০-০৯-২০০৩ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অধিদপ্তর কর্তৃক পাসপোর্টধারী উপযুক্ত লোকজনকে তাদের অভিজ্ঞতার আলোকে জাহাজে চাকুরী নিয়ে যাওয়ার জন্য আইডেনটিটি কার্ড এবং জাহাজে যোগদানের লক্ষে ছাড়পত্র জারীর খসড়া কার্যপদ্ধতি বা নীতিমালা প্রেরণ করা হয়েছে। উক্ত খসড়া নিয়ে আলোচনা করে চুড়ান্ত করা যেতে পারে। অতঃপর কার্যপদ্ধতি বা নীতিমালা নিয়ে বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ পরিবর্তন/পরিবর্ধনকরা হয় ঃ

চলমান পাতা/২

(ক) নাম করণ ঃ কার্যপদ্ধতির পরিবর্তে নীতিমালা হওয়া বাঞ্চনীয় বলে সভায় মতামত ব্যক্ত করা হলে এবং সভাপতি কর্তৃক তা গৃহীত হলে নিম্নরূপ নামকরণ করার সিদ্ধান্ত হয় ঃ

**“পাসপোর্টধারী উপযুক্ত লোকজনকে তাদের অভিজ্ঞতার আলোকে জাহাজে চাকুরী নিয়ে যাওয়ার অনুমতি প্রদানের নীতিমালা”** ।

(খ) Identity Card এবং ছাড়পত্র প্রাপ্তির প্রস্তাবিত শর্তাবলীর মধ্যে ‘ঙ’-নং বাদ দিয়ে অন্যান্যগুলো বহাল রাখার সিদ্ধান্ত হয়।

(গ) প্রার্থীদের নিয়োগ বা অভিজ্ঞতা যাচাই পদ্ধতি ঃ অনুমোদন করা হয়।

(ঘ) বোর্ডে মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করা এবং ৩(তিন) সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে গণ্য করার বিষয় অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত হয়।

(ঙ) বোর্ডের কার্যপরিধি এবং ক্রমিক নং ৫ ও ৬ বহাল রাখা হয়।

(চ) Identity Card ফি ৫০০/- (পাঁচশত) টাকা এবং পরীক্ষা ফি ৭০০/- (সাতশত) টাকা করার সিদ্ধান্ত হয়।

(ছ) ক্রমিক নং ৮-এ উল্লেখিত ফি ব্যবহার/বন্টন নিম্নরূপভাবে হবে বলে সিদ্ধান্ত হয় ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | সরকারী কোষাগার | = | ৫০% |
| (২) | সংশ্লিষ্ট পরীক্ষক/কর্মকর্তা | = | ৩০% |
| (৩) | সংশ্লিষ্ট ষ্টাফ | = | ১০% |
| (৪) | স্টেশনারী/পোষ্টেজ খরচ এবং Identity Card তৈরী বাবদ | = | ১০% |

চলমান পাতা/৩

২। কার্ড তৈরী প্রসংগে আলোচনায় উপ-সচিব (জাহাজ) প্রস্তাব করেন যে, সিকিউরিটি প্রেস থেকে কার্ড তৈরীর উদ্যোগ নেয়া বাঞ্চনীয় হবে। অধিদপ্তর কর্তৃক সিকিউরিটি প্রেসের সাথে যোগাযোগ করে তারা চাহিদা মোতাবেক কার্ড তৈরী করে দিতে পারে কিনা, তা জানা যেতে পারে। প্রেস কার্ড তৈরী করতে পারলে মন্ত্রণালয় প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। তাদের সাথে যোগাযোগের পর পরবর্তী সিদ্ধান্ত নেয়া উচিত হবে। সভাপতি তাঁর প্রস্তাবটি অনুমোদন করেন এবং সে মোতাবেক কাজ করার জন্য অধিদপ্তরের প্রতি নির্দেশ দেন।

৩। অতঃপর উপস্থিত কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ শহীদুল হক)
যুগ্ম-সচিব (প্রঃ)

নৌপম/জা-২/৪(১)/২০০২-

তারিখ ঃ ১৫-১২-২০০৩

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। সেই সাথে নীতিমালা সংযুক্ত করা হ'ল।

মহা-পরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়।

২। ব্যক্তিগত কর্মকর্তা,যুগ্ম-সচিব (প্রঃ) নৌ-পরিবহন মন্ত্রণালয়।

৩। ব্যক্তিগত কর্মকর্তা, উপ-সচিব (জাহাজ) নৌ-পরিবহন মন্ত্রণালয়।

১৫/১২/২০০৩

(তন্দ্রা শিকদার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৭৮৬।

**পাসপোর্টধারী উপযুক্ত লোকজনকে তাদের অভিজ্ঞতার আলোকে জাহাজে চাকুরী নিয়ে যাওয়ার অনুমতি প্রদানের নীতিমালা**

১। **কাদের জন্য প্রযোজ্য** ঃ

পাসপোর্টের মাধ্যমে বিদেশী টাগ বোট, সাপ্লাই ভেসেল, বার্জ, নন-কনভেনশনাল শিপ, কোস্টাল শিপ, ফিশিং জাহাজ এবং এ ধরণের অন্যান্য জাহাজে কাজ করা দক্ষ বাংলাদেশী নাগরিকগণ তাদের অভিজ্ঞতার আলোকে বিদেশী জাহাজে চাকুরী নিয়ে যাওয়ার জন্য Identity Card এবং জাহাজে যোগদানের লক্ষ্যে ছাড়পত্র পাওয়ার সুযোগ পাবেন ;

২। **Identity Card এবং ছাড়পত্র প্রাপ্তির শর্ত** ঃ

(ক) বাংলাদেশী পাসপোর্টধারী হতে হবে ;

(খ) উল্লেখিত জাহাজসমূহে কাজ করেছেন মর্মে অভিজ্ঞতা সনদ এবং বিদেশে ভ্রমণের প্রমাণস্বরূপ ভিসা এন্ট্রিসহ পাসপোর্টের কপি দাখিল করতে হবে ;

(গ) অভিজ্ঞতা প্রমাণের জন্য বোর্ড কর্তৃক গৃহীত মৌখিক পরীক্ষায় কৃতকার্য হতে হবে ;

(ঘ) নিম্নোল্লিখিত ৪টি বেসিক সেইফটি কোর্স সম্পাদনকারী হতে হবে ঃ

- বেসিক সী সার্ভাইভেল কোর্স;
- বেসিক ফায়ার ফাইটিং কোর্স;
- বেসিক ফার্স্ট এইড কোর্স;
- পারসোনাল সেইফটি এন্ড সোস্যাল রেসপনসিবিলিটি কোর্স ;

(ঙ) পোর্ট হেলথ অফিসারের কার্যালয়ে সম্পাদিত মেডিক্যাল পরীক্ষায় শারীরিকভাবে যোগ্য হতে হবে ।

৩। **প্রার্থীদের নিয়োগ বা অভিজ্ঞতা যাচাই পদ্ধতি** ঃ

অধিদপ্তর কর্তৃক আবেদনকারী যে সব কোম্পানীতে কাজ করেছেন, ই-মেইল বা ফ্যাক্সের মাধ্যমে তার অভিজ্ঞতা সনদের সত্যতা যাচাই করা হবে । পূর্বের কোম্পানী বিদ্যমান না থাকলে হালনাগাদ নিয়োগপত্রও একই পদ্ধতিতে যাচাই করা হবে ;

চলমান পাতা/২

৪। **বোর্ড গঠন ঃ**

(ক) সমুদ্র পরিবহন অধিদপ্তরের মহা-পরিচালক নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে উল্লেখিত প্রার্থীদের পরীক্ষা গ্রহণের জন্য একটি পরীক্ষা বোর্ড গঠন করবেন ঃ

(১) ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের একজন পরীক্ষক/সার্ভেয়ার ;
(২) নটিক্যাল ডিসিপ্লিনের একজন পরীক্ষক/সার্ভেয়ার ;
(৩) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি ;
৪) মহা-পরিচালক কর্তৃক মনোনীত অধিদপ্তরের একজন কর্মকর্তা।

৩(তিন) জন সদস্য উপস্থিত থাকলে কোরাম হবে।

(খ) **বোর্ডের কার্যপরিধি ঃ**

(১) ভিসা এন্ট্রি সম্বলিত মূল পাসপোর্ট এবং অভিজ্ঞতা সনদ যাচাই করণ ;
(২) আবেদনকারী প্রত্যেকের মৌখিক পরীক্ষা গ্রহণ।

৫। **Identity Card এবং ছাড়পত্র জারী ঃ**

প্রার্থীর অভিজ্ঞতা সম্পর্কে বোর্ডের সন্তোষজনক মন্তব্যের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রার্থীর অনুকূলে মহা-পরিচালক স্বাক্ষরিত Identity Card এবং বিদেশে গিয়ে জাহাজে যোগদানের জন্য ছাড়পত্র জারী করা হবে।

৬। **রেকর্ড সংরক্ষণ ঃ**

বিদেশী ইমিগ্রেশন কর্তৃপক্ষ বা নিয়োগকারী কর্তৃপক্ষের যাচাই এর সুবিধার্থে আপাততঃ জারীকৃত Identity Card-ধারীদের সকল তথ্য লিখিত আকারে সংরক্ষণ করা হবে। পরবর্তীতে ডাটা বেস-এ অন্তর্ভূক্ত করা হবে।

৭। **Identity Card এবং পরীক্ষা ফি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রতিটি প্রার্থীর জন্য Identity Card ফি | = | ৫০০/- (পাঁচশত) টাকা |
| (২) | পরীক্ষা ফি | = | ৭০০/- (সাতশত) টাকা |

৮। **ফি এর ব্যবহার/বন্টন ঃ**

| | | | |
|---|---|---|---|
| (১) | সরকারী কোষাগার | = | ৫০% |
| (২) | সংশ্লিষ্ট পরীক্ষক/কর্মকর্তা | = | ৩০% |
| (৩) | সংশ্লিষ্ট ষ্টাফ | = | ১০% |
| (৪) | স্টেশনারী/পোষ্টেজ খরচ এবং Identity Card তৈরী বাবদ | = | ১০% |

৪। বোর্ড গঠন ঃ

(ক) সমুদ্র পরিবহন অধিদপ্তরের মহা-পরিচালক নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে উল্লেখিত প্রার্থীদের পরীক্ষা গ্রহণের জন্য একটি পরীক্ষা বোর্ড গঠন করবেন ঃ

(১) ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের একজন পরীক্ষক/সার্ভেয়ার ;
(২) নটিক্যাল ডিসিপ্লিনের একজন পরীক্ষক/সার্ভেয়ার ;
(৩) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি ;
৪) মহা-পরিচালক কর্তৃক মনোনীত অধিদপ্তরের একজন কর্মকর্তা।

৩(তিন) জন সদস্য উপস্থিত থাকলে কোরাম হবে।

(খ) বোর্ডের কার্যপরিধি ঃ

(১) ভিসা এন্ট্রি সম্বলিত মূল পাসপোর্ট এবং অভিজ্ঞতা সনদ যাচাই করণ ;
(২) আবেদনকারী প্রত্যেকের মৌখিক পরীক্ষা গ্রহণ।

৫। Identity Card এবং ছাড়পত্র জারী ঃ

প্রার্থীর অভিজ্ঞতা সম্পর্কে বোর্ডের সন্তোষজনক মন্তব্যের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রার্থীর অনুকূলে মহা-পরিচালক স্বাক্ষরিত Identity Card এবং বিদেশে গিয়ে জাহাজে যোগদানের জন্য ছাড়পত্র জারী করা হবে।

৬। রেকর্ড সংরক্ষণ ঃ

বিদেশী ইমিগ্রেশন কর্তৃপক্ষ বা নিয়োগকারী কর্তৃপক্ষের যাচাই এর সুবিধার্থে আপাততঃ জারীকৃত Identity Card-ধারীদের সকল তথ্য লিখিত আকারে সংরক্ষণ করা হবে। পরবর্তীতে ডাটা বেস-এ অন্তর্ভুক্ত করা হবে।

৭। Identity Card এবং পরীক্ষা ফি ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রতিটি প্রার্থীর জন্য Identity Card ফি | = | ৫০০/- (পাঁচশত) টাকা |
| (২) | পরীক্ষা ফি | = | ৭০০/- (সাতশত) টাকা |

৮। ফি এর ব্যবহার/বন্টন ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | সরকারী কোষাগার | = | ৫০% |
| (২) | সংশ্লিষ্ট পরীক্ষক/কর্মকর্তা | = | ৩০% |
| (৩) | সংশ্লিষ্ট ষ্টাফ | = | ১০% |
| (৪) | স্টেশনারী/পোষ্টেজ খরচ এবং Identity Card তৈরী বাবদ | = | ১০% |

মোঃ সহিদুল হক
যুগ্ম-সচিব (প্রশাসন)
নৌ-পরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়